



## স্মরণে সৌমিত্র

সন্দীপ আচার্য

২২ নভেম্বর ২০২০



হঠাৎই একটা ছবি দেখা হয়ে গেল, শর্ট ফিল্ম, সুজয় ঘোষের 'অহল্যা'। স্বল্প পরিসরে কি অসাধারণ অভিনয় তাঁর। বিজলীর মত এক চমকেই নিজেকে চিনিয়ে দিলেন তিনি। 'অপুর সংসার' থেকে 'বেলা শেষে' হয়ে 'অহল্যা' পর্যন্ত বহুধা বিস্তৃত এক মহা জীবনের পথিক তিনি।

অবশেষে তিনিও চলে গেলেন। শান্ত ক্লান্ত অবসন্ন হয়ে চলে যাওয়া নয় - এ যেন বীরের যাত্রা। কোনও বাংলা কাগজ লিখেছেন 'সৌমিত্র - বাংলা সিনেমার শেষ রাজকুমার' হয়তো তাই ই।

সৌমিত্র চট্টোপাধ্যায় দীর্ঘ ছ'দশক ধরে মঞ্চ পর্দায় কবিতায় আবৃত্তিতে সাহিত্যে নাটকে অগাধ ও দক্ষ বিচরণ করেছেন। খেলার মাঠ থেকে প্রতিবাদী মিছিলে তাঁর উপস্থিতি ছিল অবাধ। 'স্টার ইমেজ' - তাঁকে আটকে রাখতে পারে নি। ব্যক্তিত্বের স্বাতন্ত্র্য আর বহুমাত্রিক প্রতিভার স্ফুরণে তিনি সত্যিকার অর্থেই ছিলেন অনন্য। শুধু মাত্র সময়ের নিরিখে নয়, অভিনীত চরিত্রের ব্যক্তি ও গভীরতায় দীর্ঘ ছ'দশক ধরে অভিনয় প্রতিভার যে স্বাক্ষর তিনি রেখেছেন তা ভারতীয় তথা আন্তর্জাতিক সিনেমায় মাইলফলক হয়ে থাকবে।

'অপুর সংসার' (১৯৫৯) ছবির অপূর্ব চরিত্র থেকে শুরু করে 'শাখা প্রশাখায়' (১৯৯০) প্রশান্তের চরিত্র পর্যন্ত সত্যজিতের মোট ১৪ টি ছবিতে অভিনয় করেছেন সৌমিত্র। নায়ক - খল নায়ক থেকে শুরু করে গোয়েন্দা 'ফেলুদা'র ভূমিকায় অবিস্মরণীয় অভিনয় সিনে-প্রেমিকদের মনে থাকবে চিরদিন। শুধু সত্যজিৎ কেন তপন সিনহা, মৃনাল সেন, তরুন মজুমদার ... কার না ছবিতে অভিনয় করেছেন তিনি।

তপন সিনহা পরিচালিত সে সময়ের দারুন সফল হিট 'ঝিন্ডের বন্দী' (১৯৬১) ছবিতে 'ময়ূর বাহন' চরিত্রে এমন অভিনয় করেছেন সৌমিত্র যা নায়ক উত্তমকুমারের অভিনয় কেও ছাড়িয়ে গেছিল।

১৯৫৯ থেকে ২০২০ পর্যন্ত যখন যে পরিচালকের ছবিতেই অভিনয় করেছেন সমান গুরুত্ব ও মর্যাদার সঙ্গে অভিনয় করেছেন তিনি। টলিউডের কত পরিচালক যে তাঁর হাত ধরেই পার পেয়েছেন সে শুধু ইতিহাসই বলতে পারবে। ২০২০ এ তাঁর শেষ মুক্তি পাওয়া ছবি সম্ভবত 'বরুণ বাবুর বন্ধু' পরিচালক অনীক দত্ত। এ ছাড়াও মুক্তির অপেক্ষায় রয়েছে অনেকগুলো ছবি। এই প্রবল করোনা আবহের মধ্যেই বায়োপিকের কাজ প্রায় শেষ করে এনেছিলেন। তবে অবশ্যই উল্লেখযোগ্য মুক্তির অপেক্ষায় থাকা শৈবাল মিত্র পরিচালিত 'অ্য হোলী কনস্পিরেসি'। দুই প্রবাদ প্রতিম অভিনেতা নাসিরুদ্দিন শাহ্ আর সৌমিত্র চট্টোপাধ্যায়ের যুগল বন্দী দেখার অপেক্ষায় রয়েছেন অসংখ্য সিনে প্রেমিক ...।

সত্যজিৎ ঞ্জাতিক ম্নাল ঞ্জাতুপর্ণর পর আমাদের সময়ের শেষতম কিংবদন্তী আমাদের রিস্ত করে চলে গেলেন। জীবনের নিয়মে চলে যাওয়াটাও স্বাভাবিক। তবুও মনে হয় আমাদের সংস্কৃতির আর অস্তিত্বের এই সংকটময় সময়ে - যখন সর্বত্রই আমাদের দেউলিয়া পনার শেষ নেই এরকম সময়ে আমাদের বাঙ্গালীয়ানার গর্ব করার মতো আর কি কিছু রইল ...

